

**উচ্চ মাধ্যমিক ও আলিম পর্যায়ে
 ছাত্রীদের উপবৃত্তির ঘোষণায়
 প্রধানমন্ত্রীর প্রতি বাংলাদেশ
 জমিয়াতুল মোদারেছীদের
 অভিনন্দন**

স্টাফ রিপোর্টার : দেশনেত্রী প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গত ১ আগস্ট দেশব্যাপী শিক্ষা-উপবৃত্তি কর্মসূচী উদ্বোধনকালে উচ্চ মাধ্যমিক ও আলিম পর্যায়ের একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের উপবৃত্তি প্রদান এবং সকল এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের বেতন মওকুফ ও বিনামূল্যে পাঠ্যপুস্তক প্রদানের ঘোষণা দেয়ায় বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন প্রধানমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানিয়েছে। ২-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

জমিয়াতুল মোদারেছীদের অভিনন্দন

১৮-এর পৃষ্ঠার পর:
 বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীদের সভাপতি মাওলানা এম এ মান্নানের সভাপতিত্বে জমিয়াতুল মোদারেছী কমিটির এক সভায় গতকাল (১৫ই আগস্ট) প্রধানমন্ত্রীর ঘোষণার প্রতি অভিনন্দন জানিয়ে বলা হয়, দেশের ধর্মপ্রাণ জনগণ, বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীন এবং মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের দাবী ও প্রত্যাশা এবং প্রধানমন্ত্রীর নির্বাচনী ওয়াদা অনুযায়ী এই যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করে প্রধানমন্ত্রী এক নবইতিহাস সৃষ্টি করেছেন। এর দ্বারা শিক্ষাক্ষেত্রে বৈশ্বিক উন্নতি সাধিত হবে বলে আমরা দৃঢ়ভাবে আশা পোষণ করি। জমিয়াতুল মোদারেছী এবতেদায়ী মাদ্রাসার ছাত্র-ছাত্রীরা অবিলম্বে যাতে এই ঘোষণা অনুযায়ী পাঠ্যপুস্তক ও অন্যান্য সুযোগ-সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য সর্জনগত কর্তৃপক্ষের প্রতি ত্বরিত ব্যবস্থা গ্রহণের দাবী জানান। নেতৃত্ব এই সঙ্গে নির্বাচনী ঘোষণা অনুযায়ী সকল এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের অনুরূপ বেতন-ভাতাদি প্রদানের দাবীটি অবিলম্বে বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রীর প্রতি আবেদন জানান।

স্ট্যাডিং কমিটির সভায় জমিয়াতুল মোদারেছী মহাসচিব মাওলানা এম এ লতিফ, যুগ্ম মহাসচিব মাওলানা রুহুল আমীন খান, মাওলানা শাকিব আহমদ মোমতাজী, মাওলানা মুহাম্মদ ইউনুস, মাওলানা শফি উদ্দিন হুঁঞা, মাওলানা আবদুল বাতেন প্রমুখ উপস্থিত ছিলেন।

ইসলামী ছাত্র পরিষদ আইসিপি বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদের কেন্দ্রীয় সভাপতি হাফেজ গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক এস এম আবু তাহের ও সাংগঠনিক সম্পাদক হাফেজ মোহাম্মদ বেলাল হোসাইন হুঁঞা এক বিবৃতিতে প্রধানমন্ত্রী খালেদা জিয়া উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রীদের উপবৃত্তি ও এবতেদায়ী শিক্ষার্থীদের বেতন ও বই প্রদানের ঘোষণা দেয়ায় প্রধানমন্ত্রীকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। বিবৃতিতে নেতৃত্ব সকল এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকদের রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের অনুরূপ বেতন-ভাতা প্রদানের আহবান জানিয়েছেন।